# ব্রি ধান৮২

মোটা ধানের ফলন বেশী
ছেলে বুড়ো সবাই খুশি

## জাত পরিচিতি

ব্রি ধান৮২ রোপা আউশ মৌসুমের জাত। ব্রি ধান৮২ এর কৌলিক সারি NERICA10-7-PL2-B। বিএডিসি কর্তৃক উগান্ডা থেকে আমদানীকৃত নেরিকা ১০ থেকে বিশুদ্ধ সারি নির্বাচন করে পরবর্তীতে শীষ থেকে সারি পদ্ধতির মাধ্যমে এ জাতটির উদ্ভাবন করা হয়। ব্রির বিভিন্ন আঞ্চলিক কার্যালয় এবং কৃষকের মাঠে ২ বৎসর ফলন পরীক্ষার পর ২০১৭ সালে জাতীয় বীজ বোর্ডের মাঠ মুল্যায়ন দল কর্তৃক কৃষকের মাঠে ফলন পরীক্ষা মূল্যায়ন করা হয়। দেশের বিভিন্ন অঞ্চলে ফলন পরীক্ষায় সন্তোষজনক ফলাফল পাওয়ায় কৃষকের মাঠে রোপা আউশ মৌসুমে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৭ সালে জাতটি ছাড়করণ করা হয়।



ব্রি ধান৮২

## জাতের বৈশিষ্ট

- ব্রি ধান৮২ এ রোপা আউশ মৌসুমের আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান।
- গাছের উচ্চতা ১১০ সে: মি:।
- স্বাভাবিক অবস্থায় গাছে প্রতি গুচ্ছির সংখ্যা ১০-১২ টি।
- এ জাতের ডিগপাতা সামান্য হেলানো এবং ধানের শিষগুলো উপরে থাকে।
- ১০০০টি ধানের ওজন ২৩.৮গ্রাম। দানায় অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৭.০ ভাগ।
- দানায় প্রোটিনের পরিমাণ শতকরা ৭.৬ ভাগ। দানার আকৃতি মাঝারি মোটা এবং ভাত ঝরঝরে

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৮২স্বল্প জীবনকালীন জাত। জীবনকাল স্বল্প হওয়ায় রোপা আউশ মৌসুমে এ ধান আবাদ করার পর আমন ধান আবাদের সুযোগ তৈরী হবে এবং এই ধান আবাদে পানি সাশ্রয় হবে।

## জীবনকাল

জাতটির জীবন কাল ১০০-১০৫ দিন।

## ফলন

উপযুক্ত পরিচর্যা ও অনুকুল পরিবেশে সর্বোচ্চ ৪.৫-৫-৫ টন/হেক্টর ফলন দিতে সক্ষম।

## চাষাবাদ পদ্ধতি

১. বীজ বপনের সময় ঃ বীজ বপনের উপযুক্ত সময় ১ - ১৫ এপ্রিল ৮ চৈত্র-২ বৈশাখ)।

২. **চারার বয়স ও সংখ্যা ঃ** ১৫-২০ দিনের চারা প্রতি গুছিতে ২/৩টি।

৩. **রোপন দুরত্ব ঃ** ২০×১৫ সেমি

৪. **চাষের উপযুক্ত জমি ঃ** মাঝারি উঁচু থেকে উঁচু জমি এ ধান চাষের জন্য উপযুক্ত।

৫. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) ঃ**

| ৫.১ | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা |
|---|---|---|---|---|---|
| | ২০ | ৭ | ১০ | ৫ | ০.৭ |

৫.২ সর্বশেষ জমি চাষের সময় এক তৃতীয়াংশ ইউরিয়া সার, সবটুকু টিএসপি, অর্ধেক এমপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করা উচিত। ইউরিয়া সার সমান দুই কিস্তিতে যথা রোপনের ১০-১৫ দিন পর ১ম কিস্তি এবং জমির উর্বরতা দেখে ২৫-৩০ দিন পর ২য় কিস্তি প্রয়োগ করতে হবে। বাকী অর্ধেক এমনি দ্বিতীয় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে হবে।

৬. **আগাছা দমন ঃ** চারা রোপণের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৭. **রোগ বালাই ও পোকামাকড় দমন ঃ** ব্রি ধান৮২ এ রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

৮. **ফসল কাটা ঃ** ধান কাটার উপযুক্ত সময় হলো ২ শ্রাবণ-১৮ শ্রাবণের মধ্যে (১৮ জুলাই- ২ আগষ্ট)।

ফ্যাক্ট শীট: আউশ ধানের জাত


ব্রি
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd